সমকাল

তারিখ 22 FEB 2015
পৃষ্ঠা … কলাম …

বেসরকারি মেডিকেল

# বিডিএস কোর্সে ভর্তির পাস নম্বর কমেছে

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তিতে দুই ধরনের পাস নম্বর নির্ধারণ করা হয়েছে। এমবিবিএস কোর্সে ভর্তিতে লিখিত পরীক্ষার পাস নম্বর ৪০ বহাল থাকলেও বিডিএস কোর্সের ক্ষেত্রে তা শিথিল করা হয়েছে। ১৮ ফেব্রুয়ারি এক সরকারি আদেশে বিডিএস কোর্সের ক্ষেত্রে ১০ নম্বর কমিয়ে পাস নম্বর ৩০ করা হয়েছে। দেশের চিকিৎসা শাস্ত্রের সমমানের দুটি কোর্সে লিখিত পরীক্ষায় পাস নম্বরের ক্ষেত্রে পৃথক সরকারি সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন উঠেছে।

বেসরকারি মেডিকেল কলেজ কর্তৃপক্ষের মতে, মেডিকেল শিক্ষায় এমবিবিএস ও বিডিএস একই কারিকুলামে পরিচালিত হয়। বিডিএস কোর্সে নম্বর কমানো হলে এমবিবিএস কোর্সের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হওয়া উচিত। এ প্রসঙ্গে কর্তৃপক্ষ বলছে, ডেন্টাল কলেজে ৯৫ শতাংশেরও বেশি আসন শূন্য থাকায় ভর্তির ক্ষেত্রে নিয়ম কিছুটা ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৩

সমকাল : বাংলাদেশি পোশাকের
আর কী কী করণীয় আছে বলে আ
রুপেন রায় : সরবরাহ বাড়ানো
হবে। কলকাতার যারা বাংলাদেশে
আড়ং, বেইলি রোডের শপিংম
বেনারশি পল্লীসহ বিভিন্ন স্থা
কেনাকাটা করে নিয়ে যাচ্ছেন।



■ সমকাল

# জাতীয় জাদুঘরে চলছে কারুশিল্প প্রদর্শনী

■ সমকাল প্রতিবেদক

বাঙালির ঐতিহ্য বোঝা যায় তার যাপিত জীবনের নানা অনুষঙ্গ দেখে। নিজের ঐতিহ্যকে সবার কাছে উপস্থাপন করতে হাজার বছর আগে থেকেই ব্যবহার হয়ে আসছে নান্দনিক কারুপণ্যের সম্ভার। সেসব কারুশিল্পীর জীবন ও কর্মের প্রদর্শনী শুরু হয়েছে জাতীয় জাদুঘর প্রাঙ্গণে।

প্রদর্শনীতে স্থান পেয়েছে সোনারগাঁয়ের ঐতিহ্যবাহী কাঠের পুতুল, ঐতিহ্যবাহী জামদানি শাড়ি, পাটের শিকা, শতরঞ্জি, সোলা শিল্প, শখের হাঁড়ি, নকশিপাখা, পটচিত্র, টেপা পুতুল ও নকশিকাঁথা প্রভৃতি।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে জাতীয় জাদুঘরের জাতিতত্ত্ব ও অলঙ্করণ বিভাগ আয়োজিত ৫ দিনব্যাপী কারুশিল্পীদের এ প্রদর্শনীর উদ্বোধন করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।